গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
( তথ্য ও অভিযোগ শাখা)
www.kurigram.gov.bd

**বিষয় : তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোহাম্মদ রেজাউল করিম
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

তারিখ : ১৭/০৬/২০২১ খ্রিঃ, সময়ঃ দুপুর ০১:৩০ ঘটিকা ।

স্থান : জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করা হয়। বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং এতে কোন সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণঃ | সভাপতি সভায় জানান যে, তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ে সকল দপ্তরকে আরও বেশি উদ্যোগ গ্রহণ করার অনুরোধ জানানো হয়। সভাপতি সভায় আরও জানান যে, তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধান অনুযায়ী যে কোন ব্যক্তি তথ্য প্রাপ্তির জন্য আবেদন করলে চাহিত তথ্য নির্দিষ্ট সময়সীমার মধ্যে সরবরাহ করতে হবে। নির্দিষ্ট ফরমে কেউ তথ্য প্রাপ্তির জন্য আবেদন করলে তাকে সংশ্লিষ্ট দপ্তর বা অফিসের দায়িত্বপ্রাপ্ত .কর্মকর্তা সরবরাহ করবেন। এ বিষয়ে সকল দপ্তর প্রধানকে সচেতন থাকার জন্য পরামর্শ প্রদান করা হয়।<br>দেশে চলমান করোনা পরিস্থিতিতে অফিস স্টাফসহ আগত সেবা গ্রহণকারীদেরকে স্বাস্থ্য সম্মত মাস্ক ব্যবহার ও স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেয়া হয়। | ১) তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ে সকল দপ্তরকে আরও বেশি উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২) জনগণ তথ্য প্রাপ্তির আবেদন করলে নির্দিষ্ট সময়সীমার মধ্যেই চাহিত তথ্য সরবরাহ করতে হবে।<br>৩) অফিস স্টাফসহ আগত সেবা গ্রহণকারীদেরকে স্বাস্থ্য সম্মত মাস্ক ব্যবহার ও স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ । |
| ০২ | তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানঃ | সহকারী কমিশনার, তথ্য ও অভিযোগ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম সভায় জানান যে, তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার বিষয়ে নির্দেশনা রয়েছে। তথ্য প্রকাশকারী এবং আবেদনকারী যেন প্রতিপক্ষ দ্বারা কোনরুপ হামলা বা হুমকির শিকার না হয় সে বিষয়ে সকল দপ্তরের কর্মকর্তাগণকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হয়। | তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ । |
| ০৩ | জেলার আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণঃ | জেলার আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা হয়। যে সকল দপ্তর তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ দেননি, তাদের অবিলম্বে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ প্রদান করার অনুরোধ জানানো হয়। এ সকল কর্মকর্তাগণের তথ্য অধিকার আইনে অনলাইন প্রশিক্ষণ নেয়ার ব্যবস্থা গ্রহণ করে এ কার্যালয়কে অবহিত করার অনুরোধ জানানো হয়। | সকল দপ্তরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ প্রদান এবং কর্মকর্তাগণের তথ্য অধিকার আইনে অনলাইন প্রশিক্ষণ নেয়ার ব্যবস্থা গ্রহণ করে এ কার্যালয়কে অবহিত করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ । |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন | সভায় সকল দপ্তরকে তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপনে অংশগ্রহণ করার অনুরোধ জানানো হয়। | সকল দপ্তরকে তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপনে অংশগ্রহণ করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। |
| ০৫ | জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সংগে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়ঃ | জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সংগে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় সাধন করারও অনুরোধ জানানো হয়। এক দপ্তরের তথ্যের সংগে অন্য দপ্তরের সংশ্লিষ্টতা থাকলে তা সমন্বয় করে প্রকাশ করার অনুরোধ করা হয়। একাধিক অফিস সংশ্লিষ্ট তথ্যের জন্য আবেদনের বিষয়ে তথ্য সরবরাহ করার অনুরোধ জানানো হয়। | জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সংগে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় সাধন করে তথ্য প্রকাশ করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। |
| ০৬ | তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান | তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম-কে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রতি ০২ মাস পর তাঁদের কমিটি'র সভা করে নির্দেশনা মোতাবেক কার্যবিবরণী নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রতি ০২ মাস পর তাঁদের কমিটি'র সভা করে নির্দেশনা মোতাবেক কার্যবিবরণী নিয়মিত মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম। |
| ০৭ | তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান | তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ দেখা দিলে তা যথাযথ পদ্ধতিতে নিষ্পত্তি করা এবং তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করার অনুরোধ জানানো হয়। যাতে তথ্য কমিশন সঠিকভাবে লক্ষ্য অর্জনে এগিয়ে যেতে পারে। | তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ দেখা দিলে তা যথাযথ পদ্ধতিতে নিষ্পত্তি করা এবং তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। |
| ০৮ | নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে জেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম সভায় জানান যে, জেলার বিভিন্ন স্কুল ও কলেজে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে ব্যাপক আলোচনা করে ছাত্র-ছাত্রীদের মধ্যে আইনটি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা যায়। এ বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। এছাড়াও নারীদের তথ্য অধিকার নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো হয়। | বিভিন্ন স্কুল ও কলেজে তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে আলোচনা করতে হবে এবং নারীদের তথ্য অধিকার নিশ্চিতকল্পে জেলা ও উপজেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ |

চলমান পাতা-০৩

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | বিবিধ: তথ্য অধিকার আইন বাস্তবায়নে অনলাইন প্রশিক্ষণ এবং অন্যান্য বিষয়ে আলোচনা | উপজেলা পর্যায়ে উক্ত প্রশিক্ষন আয়োজনের জন্য উপজেলা নির্বাহী অফিসারগনকে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম কে উপজেলা পর্যায়ে কর্মকর্তাগণের অনুরুপ আরটিআই অনলাইন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করে এ কার্যালয়কে অবহিত করার এবং প্রশিক্ষণ সম্পন্নকারী কর্মকর্তাগণের সার্টিফিকেটের ফটোকপি এ কার্যালয়ের তথ্য ও অভিযোগ শাখায় প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়। করোনা ভাইরাসের সংক্রমনের আশংকায় জানুয়ারি ২০২১ এর পর প্রশিক্ষনটি আয়োজন করা সম্ভব হয়নি। কর্মকর্তাগনের আরটিআই অনলাইন প্রশিক্ষনটি স্ব-স্ব কার্যালয়ে বসে প্রশিক্ষণ গ্রহণপূর্বক প্রাপ্ত সার্টিফিকেটের কপি এ কার্যালয়ের তথ্য ও অভিযোগ শাখার ই-মেইল: infosecdckurigram@gmail.com-তে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানানো হয় । | উপজেলা পর্যায়ে কর্মকর্তাগণের অনুরুপ আরটিআই অনলাইন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করে এ কার্যালয়কে অবহিত করতে হবে এবং প্রশিক্ষণ সম্পন্নকারী কর্মকর্তাগণের সার্টিফিকেটের অনলাইন কপি এ কার্যালয়ের তথ্য ও অভিযোগ শাখার ই-মেইল: infosecdckurigram@gmail.com) প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সকল অফিস প্রধান কুড়িগ্রাম । |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/৬/২০২১

(মোহাম্মদ রেজাউল করিম)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮১-৬১৬৪৫
ফ্যাক্সঃ ০৫৮১-৬১৬১৪
ই-মেইলঃdckurigram@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০০.০১৬.০৩.০১৩.২০- ৯২(৮০)

তারিখঃ ১৪ আষাঢ় ১৪২৮
২৮ জুন ২০২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, তথ্য কমিশন, এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। ----------------------------------------------------------
----------------------------------------------------------
----------------------------------------------------------কুড়িগ্রাম।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, ---------------------------(সকল) কুড়িগ্রাম।

জেলা প্রশাসক
কুড়িগ্রাম